দেশকে বাঁচাতে বসতবাড়ি ও খোলা জায়গায় বেশি করে বৃক্ষরোপণ করতে হবে

“বৃক্ষ প্রাণে প্রকৃতি-প্রতিবেশ আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই স্লোগান নিয়ে বুধবার সকালে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে ৭ দিনব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের আয়োজনে কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম এ মেলার উদ্বোধন করেন।

এসময় তিনি তার বক্তব্যে বলেন, পরিবেশের অবক্ষয় থেকে রক্ষা করতে এবং পুষ্টি ও কাঠের চাহিদা হ্রাসের পাশাপাশি জলবায়ু পরিবর্তনের বিপর্যয় থেকে দেশকে বাঁচাতে বসতবাড়ি ও খোলা জায়গায় বেশি করে বৃক্ষরোপণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

তিনি আরও বলেন, আপনারা বেশি বেশি করে বৃক্ষ রোপন করেন। তাহলে আমাদের দেশ বাঁচবে আমরা অক্সিজেন বেশি বেশি পাব। দেশে বৃষ্টিপাত বেশি হবে। আপনারা দেখছেন একটা দেশের বনভূমির পরিমাণ যদি কমে যায় তাহলে সেই রাষ্ট্রে বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে। তাই তিনি সবার উদ্দেশ্যে বলেন আপনারা বাড়িতে বেশি বেশি করে গাছ লাগান পরিবেশ বাঁচান।

কুষ্টিয়া সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা, জি, এম, মোহাম্মদ কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপ-পরিচালক, ড.হায়াত মাহমুদ, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মোঃ সদর উদ্দীন খান, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আজগর আলী।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন, ফরেস্টার তাপস কুমার সেনগুপ্ত, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা বন কর্মকর্তা আবু বকর সিদ্দিক, কুষ্টিয়া সামাজিক বন বিভাগের উচ্চমান সহকারী মোঃ আবেদ আলীসহ বিভিন্ন উপজেলার কর্মকর্তা কর্মচারী বূন্দ।

এসময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী এবং

ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ। মেলা প্রাঙ্গণে বিভিন্ন সরকারি দপ্তর, বেসরকারি প্রতিষ্ঠানের মোট ৫২টি স্টল স্থাপন করা হয়েছে। বৃক্ষমেলা চলবে ২ আগস্ট পর্যন্ত।

পূবালী ব্যাংক লিমিটেড বামন্দী উপ শাখার উদ্বোধন

পূবালী ব্যাংক লিমিটেড বামন্দী উপ শাখার উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টায় বামন্দীর বাজারের এ বি টাওয়ারে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পূবালী ব্যাংক লিমিটেডের উপ মহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, পূবালী ব্যাংক প্রথম বাঙালী মালিকানায় প্রতিষ্ঠিত সর্ববৃহৎ বেসরকারী বানিজ্যিক ব্যাংক। দেশের অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের সহযোগী হিসেবে সুদীর্ঘ ৬৩ বছর যাবৎ সুনামের সাথে ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। সকল প্রকার আধুনিক ও প্রযুক্তিগত সেবা নিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবা গ্রাহকের দোর গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে শাখার পাশাপশি উপ শাখা সমূহ চালু করছে।

তিনি আরও বলেন, বামন্দী অনেক পুরাতন ব্যবসা সমৃদ্ধ এলাকা। তাই এখানে পূবালী ব্যাংক উপ শাখা স্থাপন করলো। এটা উপ শাখা হলেও একটি শাখার মত পূর্ণাঙ্গ ব্যাংকিং সেবা প্রদান করবে। তিনি সকলকে এ সেবা গ্রহণ করার আহবান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পূবালী ব্যাংক লিমিটেডের সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক কাজী সিহাবুল ইসলাম ও জহিরুল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জহিরুল ইসলাম।

পূবালী ব্যাংক লিমিটেডের প্রিন্সিপাল অফিসার ও মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোঃ ইমরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও চুয়াডাঙ্গা শাখার ব্যবস্থাপক মোঃ মনছুর আলীর,বামন্দী উপ শাখার ব্যবস্থাপক মোঃ নূরুল আমীন, বামন্দী বাজার মালিক সমিতির সভাপতি আব্দুল আওয়াল, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ মতিয়ার রহমান, মোঃ শরীফুল ইসলাম, বামন্দী উপ শাখার ভবন মালিক আব্দুল জব্বার গামা প্রমূখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন পূবালী ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।

ঝিনাইদহে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর কার্যালয় উদ্বোধন

দুর্নীতি দমন কমিশনের সমন্বিত ঝিনাইদহ জেলা কার্যালয় উদ্বোধন ঘোষণা করা হয়েছে। রবিবার দুপুরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের পাশে ঝিনাইদহ জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এই অফিস এর কার্যক্রম শুরু করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুদক কার্যালয়ের উদ্বোধন ঘোষণা করেন দুদক’র মহাপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) এ কে এম সোহেল।

এসময় উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের খুলনা বিভাগীয় পরিচালক মঞ্জুর মোর্শেদ, জেলা প্রশাসক মনিরা বেগম, পুলিশ সুপার পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম পিপিএম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার।

সমন্বিত জেলা কার্যালয় উদ্বোধন শেষে জেলা প্রশাসক মনিরা বেগমের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নতুন দুদকের কার্যালয় উদ্বোধন শেষে জানা যায়, ঝিনাইদহ কার্যালয় হতে ঝিনাইদহসহ চুয়াডাঙ্গা ও মাগুরা জেলা দুদকের কার্যক্রম

পরিচালিত হবে।

আলোচনা সভায় দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) একেএম সোহেল বলেন ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত না করে সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করবেন। দুর্নীতি দমন কমিশনের কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে ঝিনাইদহসহ রবিবার ১২টি জেলায় দুদকের নতুন কার্যালয় উদ্বোধন করা হয়েছে।